

অনিয়মের অভিযোগে আমতলী এইচএসসি পরীক্ষা কেন্দ্র স্থগিত

নিজস্ব সংবাদদাতা, আমতলী (বরগুনা), ১২ মে ॥ চলমান এইচএসসি পরীক্ষায় বরগুনার আমতলী কেন্দ্রে অনিয়ম পরিলক্ষিত হওয়াতে বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক সোমবার সন্ধ্যায় এক আদেশে কেন্দ্র স্থগিত করেছে। একই আদেশে এ কেন্দ্রের বাকি পরীক্ষাসমূহ পটুয়াখালী সরকারী মহিলা কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এ খবর আমতলীতে ছড়িয়ে পড়লে পরীক্ষার্থী ও অভিভাবকরা উদ্বেগ হয়ে পড়ে।

জানা গেছে, বরগুনার আমতলী ডিগ্রী কলেজ কেন্দ্রে চলমান এইচএসসি পরীক্ষায় অনিয়ম ও শিক্ষকদের সহযোগিতায় নকলের মহোৎসব বিষয়ে সংবাদপত্রে প্রতিবেদন প্রকাশিত হয়। এ নিয়ে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিব আবদুল মোতালেব হাওলাদারের নেতৃত্বে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গত রবিবার আমতলীতে সরেজমিনে তদন্ত করেন। ১১ মে বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েব সাইটের নোটিসে চেয়ারম্যানের নির্দেশক্রমে পরীক্ষা নিয়ন্ত্রক মুহাম্মদ শাহ আলমগীর স্বাক্ষরিত আদেশে উল্লেখ করা হয় “২০১৫ এইচএসসি পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্রে বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হওয়া তদন্ত কমিটির প্রতিবেদন ও পরীক্ষা কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে আমতলী (৫০৫) কেন্দ্রটি ১৩-৫-২০১৫ থেকে স্থগিত করা হলো।

আমতলী ডিগ্রী কলেজের অধ্যক্ষ ও পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মজিবুর রহমান জানান পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশ অনুসারে পরীক্ষা সংক্রান্ত সকল জিনিষপত্র পটুয়াখালী মহিলা কলেজে পাঠানো ও পরীক্ষার্থীদের অবগতির জন্য মাইকিং করা হয়েছে।